


৩১ অক্টোবর ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

আহছানউল্লা বিশ্ববিদ্যালয়ে ব্যারিস্টার রফিকুল হক স্মরণে দোয়া মাহফিল অনুষ্ঠিত



আহছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বোর্ড অব ট্রাস্টিজ-এর সম্মানিত সদস্য ও সাবেক অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার রফিকুল হক-এর মৃত্যুতে আমরা শোকাহত।
মরহমের আত্মার মাগফিরাত কামনায়-

দোয়া মাহফিল

তারিখ: ৩০ অক্টোবর ২০২০ সময়: বিকাল ৩:০০ ঘটিকা



আহছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

আহছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য, সাবেক অ্যাটর্নি জেনারেল ও সুপ্রিমকোর্টের জ্যেষ্ঠ আইনজীবী ব্যারিস্টার রফিক-উল হকের মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ে দোয়া মাহফিল শুক্রবার জুম অ্যাপের মাধ্যমে অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ ফাজলী ইলাহী।

দোয়া মাহফিলের আলোচনায় অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাজী রফিকুল আলম, ট্রাস্টি বোর্ডের সদস্য প্রফেসর ড. এম. এইচ. খান, প্রফেসর ড. গোলাম রহমান, প্রফেসর ড. আবু তৈয়ব আবু আহমেদ, প্রফেসর ড. মোহাম্মদ এ. করিম, এনবিআরের সাবেক চেয়ারম্যান ও বিশ্ববিদ্যালয়ের ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. মোহাম্মদ আবদুল মজিদ।

আলোচনায় বক্তারা ব্যারিস্টার রফিকুল হকের জীবনী ও নানা কল্যাণমূলক দিক নিয়ে স্মৃতিচারণ করেন। ব্যারিস্টার রফিকুল হক সারা জীবন মানুষের কল্যাণে কাজ করে গেছেন এমন স্মৃতিচারণ করেন সবাই।

আলোচনা সভা সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের ছাত্র কল্যাণ উপদেষ্টা প্রফেসর ড. শারমিন রেজা চৌধুরী। আলোচনায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ফ্যাকাল্টির ডিন, বিভাগীয় প্রধান, অফিস প্রধান ও শিক্ষক-শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের শেষে ব্যারিস্টার রফিক-উল হকের মাগফিরাত কামনা করা হয়। দোয়া পরিচালনা করেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. মাসুম বিল্লাহ, বিশ্ববিদ্যালয় প্রয়াত ছাত্র নাইমলু রিশদ, কর্মচারী শহিদুল ইসলাম এবং ছাত্র-ছাত্রীদের প্রয়াত পিতা মাতাদের মাগফিরাত কামনা করা হয়।